# বাংলাদেশ দাবা ফেডারেশন
# BANGLADESH CHESS FEDERATION

বাদাফে-৮১/০৫/২০২৫
তারিখঃ ২১-০৫-২০২৫

বিষয়: জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৫-এর অংশ হিসেবে দেশব্যাপী স্কুল দলগত দাবা প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।

মান্যবর,
সাদরে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর সহযোগিতায় "জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৫"-এর অংশ হিসেবে সারাদেশব্যাপী স্কুল দলগত দাবা প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে।

প্রতিযোগিতার বিস্তারিত তথ্য ও সময়সূচি এই পত্রের সাথে সংযুক্ত করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত জানাতে ২১ থেকে ২৭ মে, ২০২৫ তারিখের মধ্যে প্রতিটি জেলার বিভিন্ন স্কুলে ক্যাম্পেইন পরিচালিত হচ্ছে।

প্রথম ধাপে অনলাইন দাবা প্রতিযোগিতার মাধ্যমে আঞ্চলিক পর্যায়ের জন্য অংশগ্রহণকারী দল নির্বাচন করা হবে। অনলাইনে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আপনার প্রতিষ্ঠানের দাবা দলকে নিম্নোক্ত লিংকে নিবন্ধন করার অনুরোধ করা হচ্ছে:

নিবন্ধন লিংক: https://www.bdchess.com

অনলাইন প্রতিযোগিতার পর বাছাইকৃত দলসমূহ নিয়ে আগামী ২৮ মে থেকে ১৬ জুন, ২০২৫ তারিখ পর্যন্ত দেশের ১৬টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে আঞ্চলিক দাবা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। আঞ্চলিক প্রতিযোগিতার তালিকা ও তারিখ এই পত্রের সংযুক্তিতে দেওয়া হয়েছে। নির্বাচিত দলের খেলোয়াড়দের সংশ্লিষ্ট প্রতিযোগিতায় সশরীরে উপস্থিত হয়ে অংশগ্রহণ করতে হবে।

বাংলাদেশ দাবা ফেডারেশনের পক্ষ থেকে আপনাদের প্রতিষ্ঠানকে এই প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আন্তরিকভাবে আমন্ত্রণ জানানো হচ্ছে।

এখানে উল্লেখ্য যে, এ স্কুল দলগত দাবা চ্যাম্পিয়ন আগামী ২ হতে ৭ আগস্ট, ২০২৫ তারিখ পর্যন্ত মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসি-তে অনুষ্ঠেয় ওয়ার্ল্ড স্কুলস টিম চ্যাম্পিয়নশিপ ২০২৫ এ জন্য অংশগ্রহণের মনোনীত হবে।

অতএব, আপনার সম্মানিত প্রতিষ্ঠানের দাবা দলকে এই প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,

(ড. মো: তৈয়বুর রহমান)
সাধারণ সম্পাদক

প্রধান শিক্ষক/ অধ্যক্ষ

NATIONAL SPORTS COUNCIL, OLD BUILDING (2ND FLOOR), 62/3 PURANA PALTAN, DHAKA - 1000
Mobile: +88 01711750079, 01711853133 E-mail: banchessfed@gmail.com Web: www.bdchessfederation.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার আগারগাঁও, ঢাকা-১০২৭
www.ictd.gov.bd

স্মারক নং- ৫৬.০০.০০০০.০০৪.৯৯.০০১.২৫-১৮ তারিখ: ১৫/০৫/২০২৫ খ্রি:

বিষয়ঃ 'জাতীয় হাই স্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৫' এর "এ্যাক্টিভেশন ক্যাম্পেইন" এ সহযোগিতা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর সহযোগিতায় "জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা-২০২৫" অনুষ্ঠিত হতে যাচ্ছে। বিগত বছর সমূহের ন্যায় এবারও বিসিসির সাথে বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক (বিডিওএসএন) এ আয়োজনের বাস্তবায়ন সহযোগী হিসেবে কাজ করছে। এ বছর ১৬ টি বিশ্ববিদ্যালয়ে 'আঞ্চলিক প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতা' অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানটিকে আরও প্রাণবন্ত ও জাকজমকপূর্ণভাবে আয়োজনের নিমিত্ত সহ-আয়োজিত অনুষ্ঠান হাইস্কুল দাবা প্রতিযোগিতা এবং AI & Cyber Security সেশন এর ব্যবস্থা করা হয়েছে। আগামী ২৮ মে, ২০২৫ হতে ০২ জুন, ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত "আঞ্চলিক প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতা আয়োজন করা হবে। মোট ১৬টি "আঞ্চলিক প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতা"র প্রায় ১০৫০ জন বিজয়ীদের নিয়ে আগামী ১৮ জুন, ২০২৫ খ্রি. তারিখ "জাতীয় হাইস্কুল প্রোগ্রামি, দাবা ও কুইজ প্রতিযোগিতা'র চুড়ান্ত পর্ব ঢাকায় আয়োজন করা হবে। দলগত হাইস্কুল দাবা প্রতিযোগিতার চ্যাম্পিয়ন দলকে যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিতব্য স্কুল দাবা চ্যাম্পিয়নশীপে মনোনয়ন দেয়া হবে।

০২। উক্ত প্রতিযোগিতা'র অংশ হিসেবে বিভিন্ন স্কুল/কলেজের শিক্ষার্থীদের কম্পিউটার প্রোগ্রামিং, দাবা প্রতিযোগিতায় উদ্‌বুদ্ধকরণ এবং AI & Cyber Security সেশন-এ অংশগ্রহণের আহবান জানানো জন্য 'এ্যাক্টিভেশন ক্যাম্পেইন' এর আয়োজন করা হবে। এই ক্যাম্পেইন এ প্রচারণার অংশ হিসেবে শিক্ষার্থীদের মাঝে ব্যাজ, লিফলেট ও পোস্টার বিতরণ করা হবে। পাশাপাশি শিক্ষার্থীদের প্রতিযোগিতা সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উত্তর দেওয়া হবে।

০৩। এমতাবস্থায়, 'জাতীয় হাই স্কুল প্রোগ্রমিং প্রতিযোগিতা ২০২৫' এর "এ্যাক্টিভেশন ক্যাম্পেইন" টি আপনার প্রতিষ্ঠানে আয়োজনের সহযোগিতা প্রদানের জন্য বিনীত অনুরোধ করা হলো।

(ড. মোঃ তৈয়বুর রহমান)
যুগ্ম সচিব এবং
সভাপতি, জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং ২০২৫
কারিগরি কমিটি
ইমেইল: dg@ncsa.gov.bd

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

দাবা প্রতিযোগিতা বিষয়ক তথ্য

'জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৫'-এর অংশ হিসেবে দেশব্যাপী স্কুল দলগত দাবা প্রতিযোগিতাটি নিম্নলিখিত পদ্ধতিতে অনুষ্ঠিত হবে:

**১. অনলাইন বাছাই পর্ব:**

- মাধ্যমিক স্কুল পর্যায়ের শিক্ষার্থীদের জন্য দলগতভাবে অনলাইনে বাছাই পর্ব অনুষ্ঠিত হবে। অনলাইন দলগত বাছাই পর্ব https://lichess.org/ প্লাটফর্মে অনুষ্ঠিত হবে। প্রতিটি দল ৪ সদস্যবিশিষ্ট হবে এবং দলের অন্তত একজন সদস্য অনুর্ধ্ব **১২** বছর বয়সী হওয়া বাধ্যতামুলক। এই পর্বে অংশগ্রহণ সম্পর্কে বিস্তারিত জানাতে জেলা পর্যায়ের স্কুলে ক্যাম্পেইন শুরু হবে **২১ মে, ২০২৫** থেকে **২৭ মে, ২০২৫** পর্যন্ত।
  আরও বিস্তারিত পাওয়া যাবে
- বাংলাদেশ দাবা ফেডারেশনের ফেসবুক পেইজেঃ https://www.facebook.com/bangladeshchessfederation
- রেজিস্ট্রেশন এর জন্য লিংক https://bdchess.com/
- যেসব দলের পক্ষে অনলাইনে অংশগ্রহণ সম্ভব নয়, তারা বিশেষ বিবেচনায় এন্ট্রি ফি দিয়ে সরাসরি 'আঞ্চলিক বাছাই পর্বে' অংশগ্রহণ করতে পারবে। এই বিশেষ অংশগ্রহণ প্রক্রিয়া সম্পর্কে বাংলাদেশ দাবা ফেডারেশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**২. আঞ্চলিক বাছাই পর্ব:**

- অনলাইন বাছাই পর্ব থেকে নির্বাচিত দলগুলিই আঞ্চলিক বাছাই পর্বে অংশগ্রহন করবে।
- আঞ্চলিক বাছাই পর্ব সারাদেশের **১৬**টি পাবলিক বিশ্ববিদ্যালয় সশরীরে অনুষ্ঠিত হবে।
- আঞ্চলিক বাছাই পর্ব চলবে **২৮ মে, ২০২৫** থেকে **২ জুন, ২০২৫** পর্যন্ত।
- আঞ্চলিক পর্বটি নির্ধারিত দিনে সকাল **৯:৩০** হতে দুপুর **১:৩০** টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

**৩. জাতীয় পর্ব:**

- আঞ্চলিক বাছাই পর্ব থেকে নির্বাচিত ৪০ টি দল ঢাকায় জাতীয় পর্বে দলগত দাবা (team chess) প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।
- জাতীয় পর্বের চ্যাম্পিয়ন দল যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিতব্য **ফিদে ওয়ার্ল্ড স্কুলস টিম চ্যাম্পিয়নশীপে** আর্থিক বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অংশ নেয়ার জন্য মনোনীত হবে।
- অতএব, উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণে আপনার শিক্ষাপ্রতিষ্ঠানকে নির্ধারিত সময়ের মধ্যে প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।